

This question paper contains 4 printed pages]

Your Roll No.....

226

**B.A. (PROGRAMME)/I Sem.**

**B**

**BENGLI LANGUAGE (A)—Paper IA**

(Functional Grammar and Skills in Language Use)

Time : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

1. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। 2×2=4
  - a) বর্ণ ও ধ্বনির মধ্যে পার্থক্য কী লেখ।
  - b) বাংলা বর্ণমালার 'ক' বর্গের ধ্বনি গুলি লেখ।
  - c) 'এ' ধ্বনির দুটি উচ্চারণের উদাহরণ দাও।
  
2. যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও। 5×5=20
  - a) পদ কাকে বলে ? উদাহরণ সহ নাম লেখ।
  - b) ক্রিয়ার কাল কয় প্রকারের উদাহরণ দিয়ে লেখ।
  - c) বাংলায় কারক কয় প্রকারের উদাহরণ দাও।
  - d) কর্মকারক কাকে বলে ? দুটি দৃষ্টান্ত দাও।
  - e) বিভক্তি ও অনুসর্গের মধ্যে পার্থক্য কী?

P.T.O.

f) ধাতু ও ক্রিয়ার মধ্যে পার্থক্য দৃষ্টান্ত দিয়ে লেখ।

g) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর। (চারটি)  
বড়োবাবু, কাঁচকলা, মিঠে-কড়া, ভালো-মানুষ,  
ঘি-ভাত, সিংহাসন, ঠাকুর-দাদা

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। 8

a) দেশী, বিদেশী, তৎসম ও তদ্ভব শব্দের দুটি করে উদাহরণ দাও।

b) বাংলা শব্দের প্রধান দুই জাতি কী কী?  
উদাহরণ দিয়ে বোঝাও।

4. নীচের প্রবাসগুলি বাক্যে প্রয়োগ করে দেখাও (চার টি) 8

গৌর চন্দ্রিকা, আঙ্গুল ফুলে কলাগাছ, চোখের চামড়া,  
ঢাক পেটানো, অতি লোতে তাঁতি নষ্ট, গাছে কাঁঠাল  
গোঁফে তেল

5. নীচের অনুচ্ছেদটি পড় ও প্রশ্নগুলির উত্তর দাও। 10

এ পর্যন্ত আমরা মাতৃভাষা ছাড়া প্রধানতঃ শুধু একটি

ভাষা শেখবার চেষ্টা করেছি-ইংরেজী। ইংরেজী শেখার উদ্দেশ্য তিনটি - জীবিকা নির্বাহ, ভিন্নদেশবাসীর সঙ্গে কথাবার্তা, এবং নানা বিষয়ে জ্ঞানলাভ। হিন্দী যখন রাষ্ট্রভাষা রূপে প্রতিষ্ঠিত হবে তখন কেবল ইংরেজীর সাহায্যে জীবিকা নির্বাহ চলবে না, সরকারী চাকরি, ওকালতি প্রভৃতি কৃতিতে হিন্দী, অপরিহার্য হবে। ভারতের অন্য প্রদেশবাসীর সঙ্গে প্রধানতঃ হিন্দীতেই আলাপ করতে হবে।

কিন্তু যাঁরা উচ্চশিক্ষা চান অথবা পৃথিবীর সকল দেশের সঙ্গে যোগ রাখতে চেনে তাঁদের ইংরেজীও শিখতে হবে। অবশ্য অনেক লোক আছেন যাঁরা ইংরাজী না শিখেও কৃষি শিল্প কারবার বা কায়িক শ্রম দ্বারা স্বচ্ছন্দে জীবিকা নির্বাহ করে থাকেন, ভবিষ্যতে হিন্দী না শিখেও তা পারবে।

- a) ইংরেজী শেখার উদ্দেশ্য গুলি কী?
- b) হিন্দী রাষ্ট্রভাষা হলে কী হবে?
- c) ইংরেজী শিক্ষার প্রয়োজন তবুও কেন থেকে যাবে?

- d) ইংরেজী বা হিন্দী ভাষা শেখা প্রত্যেকের পক্ষে কি জরুরী?
- e) নিম্নরেখ শব্দ গুলির অর্থ লেখ।
- 6 নিম্নের কোনো একটি বিষয়ে পত্র রচনা কর। 15
- a) সবরের কাগজে বিজ্ঞাপন দেখে চাকরীর আবেদনপত্র লেখ।
- b) দুটির জন্য আবেদন মঞ্জুর করার প্রার্থনা জানিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে চিঠি লেখ।
7. যে কোন একটি বিষয় নিয়ে নিবন্ধ রচনা কর। 10  
(১৮০ থেকে ২০০ শব্দের মধ্যে)
- শীতকালে দিল্লী শহর, কলেজের প্রথম দিনগুলি,  
তোমার প্রিয় লেখক/শিল্পী।